গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দেবহাটা, সাতক্ষীরা
www.debhata.sat.gov.bd

নম্বর: ০৫.৪৪.৮৭২৫.০০০.১০.০৪৬.২৩-১১৮ তারিখ : ০৮/০২/২০২৩ খ্রি.

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (বাংলা ১৪৩০ সন)

সরকারি হাট-বাজার ইজারা পদ্ধতি ও ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলাধীন ১৩ টি হাট-বাজার সমূহ বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র (১বৎসর) পর্যন্ত ইজারা প্রদানের জন্য সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল ও দরপত্র শর্তসমূহ দরপত্র দাখিলের নির্ধারিত তারিখের পূর্ব দিন পর্যন্ত যে কোন কার্য দিবসে অফিস চলাকালীন সময়ে (ছুটির দিন ব্যতিত) নিম্নবর্ণিত কার্যালয়সমূহে প্রতি সেট দরপত্র সিডিউল প্রত্যেক হাট-বাজারের বিপরীতে উল্লিখিত মূল্যের বিনিময়ে (অফেরৎযোগ্য) ক্রয় করা ও দরপত্র সিডিউল নির্ধারিত তারিখে নিম্নোক্ত কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিনই দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।

| ক্রঃ | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩০ সনের কাঙ্ক্ষিত সরকারি মূল্য | সিডিউল মূল্য | দরপত্র/সিডিউল প্রাপ্তি ও দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | কুলিয়া মৎস্য ও রেনুসেড | কুলিয়া | ২,৭৮,৯১৭/- | ১,২০০/- | <u>সিডিউল/দরপত্র প্রাপ্তির কার্যালয় সমূহঃ</u><br>১। জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবহাটা, সাতক্ষীরা।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), দেবহাটা, সাতক্ষীরা।<br>৪। অফিসার ইন-চার্জ, দেবহাটা থানা।<br>৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দেবহাটা শাখা। |
| ০২ | কুলিয়া নতুন বাজার | কুলিয়া | ২,১৬,৮২১/- | ১,২০০/- | |
| ০৩ | বহেরা বাজার | কুলিয়া | ২,৩৭৮/- | ৫০০/- | |
| ০৪ | সুবর্ণাবাদ হাট-বাজার | কুলিয়া | ২৮,০১৯/- | ৫০০/- | |
| ০৫ | পারুলিয়া পশু হাট | পারুলিয়া | ৭৭,৮৮,৯১৫/- | ১৬,২০০/- | |
| ০৬ | পারুলিয়া মৎস্যসেড | পারুলিয়া | ৪০,৭৫৩/- | ৫০০/- | |
| ০৭ | ঈদগাহ বাজার | সখিপুর | ২,২২,৭৫২/- | ১,২০০/- | <u>সিডিউল/দরপত্র দাখিলের কার্যালয় সমূহঃ</u><br>১। জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবহাটা, সাতক্ষীরা। |
| ০৮ | সখিপুর হাট-বাজার | সখিপুর | ৫,৪১,০২৪/- | ১,৮০০/- | |
| ০৯ | গাজীরহাট বাজার ও মৎস্য সেড | নওয়াপাড়া | ৩,৮৫,৪১৬/- | ১,৪০০/- | |
| ১০ | নাংলা বাজার | নওয়াপাড়া | ২৫,৫৩৩/- | ৫০০/- | |
| ১১ | দেবহাটা বাজার | দেবহাটা | ৪০,৮৮১/- | ৫০০/- | |
| ১২ | টাউনশ্রীপুর বাজার | দেবহাটা | ১২,৩৩১/- | ৫০০/- | |
| ১৩ | ভাতশালা বাজার | দেবহাটা | ১,৮০২/- | ৫০০/- | |

### দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচি

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম ডাক | ২২/০২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৩/২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ২৩/২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা |
| ২য় ডাক | ০৭/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৯/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ৯/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা |
| ৩য় ডাক | ১৪/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৫/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ১৫/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা |
| ৪র্থ ডাক | ২৯/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৩০/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ৩০/৩/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা |
| ৫ম ডাক | ৫/৪/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | ৬/৪/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ৬/৪/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা |


এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা
ফোন-০৪৭৩২-৭২০০১
ই-মেইল. unodebhata17@gmail.com

## শর্তাবলী

১। বাংলা ১৪৩০ সনের ১বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসরের মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রের উলেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে **উপজেলা নির্বাহী অফিসার, দেবহাটা, সাতক্ষীরা**র অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উলিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাগৃহীতা নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাগৃহীতা কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না।

১০।ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়কর) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দর দাতার সর্ব্বোচ্চ দর একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুয়ায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/২/২২

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা
ফোন-০২৪৭৭-৭৪৪৫১১
ই-মেইল- unodebhata17@gmail.com

নম্বর : ০৫.৪৪.৮৭২৫.০০০.১০.০৪৬.২৩-১১৮

তারিখ : ০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা
৪। পুলিশ সুপার, সাতক্ষীরা
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব), সাতক্ষীরা
৮। উপজেলা নির্বাহী অফিসার,------------------------------------------------
৯। সহকারী কমিশনার (ভূমি), ------------------------------------------------
১০। উপজেলা --------------------------------------------অফিসার, দেবহাটা, সাতক্ষীরা।
১১। চেয়ারম্যান, কুলিয়া/পারুলিয়া/সখিপুর/নওয়াপাড়া/ দেবহাটা সদও ইউপি, দেবহাটা, সাতক্ষীরা।
১২। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা।
১৩। সহকারী প্রোগ্রামার, দেবহাটা, সাতক্ষীরা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)
১৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দেবহাটা শাখা।
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,--------------------------(সকল), ইউনিয়ন ভূমি অফিস, দেবহাটা, সাতক্ষীরা ( বিজ্ঞপ্তিটি তার এলাকাধীন হাট-বাজারসমুহে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬। সম্পাদক/ দৈনিক--------------------------------পত্রিকা, সাতক্ষীরা/ঢাকা। আগামী ----------------তারিখ ০১ (এক) দিন তার স্বনামধন্য পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ।
১৭। জনাব/ইজারা গ্রহীতা--------------------------------পিতাঃ------------------------গ্রাম/হাট--------------------------দেবহাটা, সাতক্ষীরা।
১৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট---------------------------অফিস, দেবহাটা, সাতক্ষীরা।

০৮/২/২২

এ.বি.এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
দেবহাটা, সাতক্ষীরা
ফোন-০২৪৭৭-৭৪৪৫১১
ই-মেইল- unodebhata17@gmail.com